



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615572



নং-বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম-১৫৯/ ৯২১/৪

তারিখঃ ২৬.০৫.২০১৮খ্রিঃ

বিষয়ঃ ম্যানেজিং কমিটি অনুমোদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং- ১২০৪৩/২০১৩ এ প্রদত্ত সুপার এর আবেদন ২৭৭/২০১৩ তারিখঃ ২৪.০৮.২০১৩ এর দরখাস্ত নিষ্পত্তির জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। নির্দেশ মোতাবেক অত্র বোর্ডে রক্ষিত মাদ্রাসা সংক্রান্ত নথিতে উল্লিখিত তথ্য উপাত্ত পর্যালোচনায় দেখা যায় যে, কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলাধীন মোক্তারকুটি সজিরন দ্বি-মুখী দাখিল মাদ্রাসায় অবৈধভাবে হওয়া প্রতিষ্ঠাতা মোঃ শহিদুল হক মন্ডল ও দাতা জনাব মোঃ সিরাজুল হক মন্ডল এর বিরুদ্ধে জনৈক মোঃ হোসেন আলী ২১/০৮/২০১৩খ্রিঃ তারিখে অভিযোগ দাখিল করেন।

অভিযোগের প্রেক্ষিতে অত্র দপ্তর হতে নং-বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম-১৫৯/২৬৩৭/৩; তারিখঃ ০৩/০৯/২০১৩খ্রিঃ স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রামকে তদন্তের জন্য পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম নং-০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০০১.১৩.৮৩৮; তারিখঃ ২০/১০/২০১৩খ্রিঃ স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, প্রতিষ্ঠাকাল হতে অদ্যাবধি প্রতিষ্ঠাতা এবং দাতা সদস্যের অন্তর্ভুক্তির বিষয়ে বিভিন্ন সময়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা হতে যে সকল প্রবিধানমালা জারী করা হয়েছে তা অনুসরণ করা হয়নি।

প্রাপ্ত প্রতিবেদনের আলোকে মাদ্রাসার সুপারের নিকট ব্যাখ্যা চেয়ে অত্র দপ্তর হতে নং-বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম-১৫৯/৫; তারিখঃ ০২/০২/২০১৪খ্রিঃ স্মারকে পত্র দেয়া হলে সুপার কর্তৃক অনিয়ম স্বীকার করে ০১/০৩/২০১৪খ্রিঃ তারিখে জবাব দাখিল করেন।

বর্ণিত অবস্থায় তদন্ত প্রতিবেদনে মাদ্রাসার প্রতিষ্ঠাকাল হতে অদ্যাবধি প্রতিষ্ঠাতা ও দাতা সদস্যের অন্তর্ভুক্তির বিষয়ে প্রবিধানমালা অনুসরণ করা হয়নি মর্মে মন্তব্য প্রদান করায় এবং গত ২৪/০৮/২০১৩খ্রিঃ তারিখের সুপারের আবেদন অনুযায়ী দাখিলকৃত কমিটি দীর্ঘ প্রায় ০৫ (পাঁচ) বৎসর পর অনুমোদন দেওয়ার আইনগত কোন সুযোগ নেই। এছাড়া রিট পিটিশন নং- ৪৬৬৫/২০১৮ মোতাবেক এডহক কমিটির কার্যকারিতা স্থগিত থাকবে মর্মে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার, মোক্তারকুটি সজিরন দ্বি-মুখী দাখিল মাদ্রাসা
ডাকঘর- পাগলা, উপজেলা- নাগেশ্বরী, জেলা- কুড়িগ্রাম।

নং-বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম-১৫৯/ ৯২১/৪

তারিখঃ ২৬.০৫.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৩. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৪. জনাব মোঃ সিরাজুল হক মন্ডল, পিতা- মৃত মোহসিন আলী মন্ডল, দাতা সদস্য, মোক্তারকুটি সজিরন দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, ডাকঘর- পাগলা, উপজেলা- নাগেশ্বরী, জেলা- কুড়িগ্রাম।
৫. জনাব মোঃ শহিদুল হক মন্ডল, পিতা- মৃত মোহসিন আলী মন্ডল, প্রতিষ্ঠাতা সদস্য, মোক্তারকুটি সজিরন দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, ডাকঘর- পাগলা, উপজেলা- নাগেশ্বরী, জেলা- কুড়িগ্রাম।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪